

## সবুজ পুকুর

কামরুন নাহার

[alorkona@yahoo.com](mailto:alorkona@yahoo.com)

সীতাকুণ্ড শহরে,  
সবুজ পুকুরের পাড়ে,  
কাঁচা পায়খানার সারি,  
কিছু গিনিপিগ মানুষের সেখানে স্বর্গের ঘরবাড়ি।

তারা চেনে না ভদ্রলোকের  
বাথটাব, হিটার, ফিলটার,  
ওয়াশিং মেশিন, স্যালাইন,  
শুধু চেনে পুকুর কুলীন।

জলের আঁষটে গন্ধ যেন মায়ের ঘামের সুস্রাণ,  
কাপড় কাচার সাবানে পবিত্র স্নানের তীর্থস্থান,  
তৃষ্ণার্ত কাকের আবিষ্কৃত গাঙের অমৃত সমান,  
কমহীন বিকেলের চোখে কচুরিপানার উদ্যান।

জলের সাথে জীবনের অন্ধ জড়াজড়ি,  
সবুজ পুকুরের পাড়ে তাদের মাথাগোঁজার বাড়ি।

১৪-৩-০৮

---

\*কামরুন নাহার বাংলাদেশের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের  
অন্তর্ভুক্ত 'ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ' (আইবিএস)-  
এর একজন পিএইচডি ফেলো। তার গবেষণার বিষয়-  
'বাংলাদেশে রাজনৈতিক সহিংসতা: প্রকৃতি ও কারণ'।